



প্রতিদিন অন্তত একবার বোর্ডের
ওয়েব সাইট: www.bteb.gov.bd
ভিজিট করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (শর্ট কোর্স শাখা)
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর,
ঢাকা-১২০৭।
ওয়েব সাইট: www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩৩.০০১.২১.০৬৪

তারিখ: ০৫-১২-২০২১ খ্রি.

জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের জানুয়ারি-জুন, এপ্রিল-জুন ও জুলাই- সেপ্টেম্বর, ২০২১ সেশনের চূড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষার তারিখ সংশোধন বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে অত্র বোর্ডের ০৩ ও ০৬ মাস মেয়াদি জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের জানুয়ারি-জুন, এপ্রিল-জুন ও জুলাই- সেপ্টেম্বর, ২০২১ সেশনের চূড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষা অনিবার্য কারণবশত আগামী ২৪ ডিসেম্বর, ২০২১খ্রি. তারিখের পরিবর্তে ০৭ জানুয়ারি ২০২২খ্রি. তারিখ শুরুর সকাল ১০:০০ ঘটিকায় বোর্ড কর্তৃক নির্বাচিত পরীক্ষা কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। ব্যবহারিক পরীক্ষা আগামী ০৭ ও ০৮ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। উল্লিখিত পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রে অবশ্যই স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি ও নিরাপদ শারীরিক দুরত্ব বজায় রেখে আসন বিন্যাস নিশ্চিত করতে হবে। পরীক্ষার্থীর সংখ্যা ও ল্যাবের সুবিধাদি বিবেচনা করে শুধুমাত্র কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন (কোড-৭৬) ট্রেডের ব্যবহারিক পরীক্ষা বোর্ডকে অবহিত করে ০৯ জানুয়ারি ২০২২ খ্রিঃ তারিখে নেয়া যাবে।

পরীক্ষা কেন্দ্রের বিস্তারিত তালিকাসহ বোর্ডের ওয়েব সাইটে (www.bteb.gov.bd) এতদসংক্রান্ত তথ্যাদি দেখা যাবে।
অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান বাকাশিবো/একাডে/১১৮১/মে, ২০১৬ মোতাবেক মান বন্টন অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে।

- যে সকল পরীক্ষার্থী ২০২১ সনের ০৩ ও ০৬ মাস মেয়াদি জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের জানুয়ারি-জুন, এপ্রিল-জুন ও জুলাই- সেপ্টেম্বর, ২০২১ সেশনের চূড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন করেছেন শুধুমাত্র তারাই ০৭ জানুয়ারি ২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- উত্তরপত্রের কভার পেজ OMR (লিখো কোড) শীট যুক্ত হবে। জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের তাত্ত্বিক বিষয়ের পরীক্ষায় শুধুমাত্র নির্ধারিত উত্তরপত্র ব্যবহৃত হবে। প্রবিধান, ২০১৬ অনুযায়ী চূড়ান্ত লিখিত পরীক্ষায় সর্বমোট ৬০ টি প্রশ্ন থাকবে। এর মধ্যে ১০ টি প্রশ্ন কমিউনিকেশন ইংরেজি। চূড়ান্ত লিখিত পরীক্ষার সময় ০১ ঘন্টা এবং চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষার সময় ০৩ ঘন্টা। সকল অংশে পাশ নম্বর হবে ৬০%।
- কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবগণ অত্যন্ত গোপনীয়তা ও কঠোর নিরাপত্তার সাথে পরীক্ষা পরিচালনা সংক্রান্ত কার্যাবলি সম্পন্ন করবেন। পরীক্ষা সমাপ্তির পর উত্তরপত্রের লিখোর ১ম অংশ বিষয়ভিত্তিক পৃথক পৃথক শিরোনামপত্র দিয়ে মুড়িয়ে করোগেটেড বস্ত্রে ভরতে হবে এবং উত্তরপত্র বিষয়ভিত্তিক পৃথক করে প্যাকেট করতে হবে। পরে লিখোর বস্ত্র ও উত্তরপত্র একটা প্যাকেটে করে হলুদ কাপড় দিয়ে সেলাই ও সিল গালা করে বোর্ডে প্রেরণ করতে হবে। পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ/প্রেরণ নিম্ন বর্ণিত ঠিকানায় করতে হবে: (অবশ্যই হলুদ কাপড়ের প্যাকেটে সীলগালা করে)

| | | |
|---------------|---|---|
| দৃষ্টি আকর্ষণ | : | উপ পরীক্ষা নিয়ন্ত্রক/ডকুমেন্টেশন অফিসার শর্ট কোর্স শাখা (বোর্ডের পুরাতন ভবনের পিছনের ৫ম তলা বিল্ডিং এর ৪র্থ তলা), পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭। |
| মোবাইল | : | ০১৬৩২৪৮৬০৬৪, ০১৫৩১৯৭২০২২। |

উত্তরপত্র ও লিখোর ১ম অংশ সরকারি/প্রশাসনের/কর্মকর্তাদের উপস্থিতিতে ঐ দিনই ডাকযোগে বোর্ডে পাঠাতে হবে। শুরুর পোষ্ট অফিস খোলা রাখার ব্যাপারে পত্র দিয়ে এবং স্বশরীরে যোগাযোগ করে পোষ্ট অফিস খোলা রাখা নিশ্চিত করতে হবে। কোনোক্রমেই লিখোর ১ম অংশ ও উত্তরপত্র নির্ধারিত দিনের পরে পাঠানো যাবে না। যে সকল কেন্দ্র/ প্রতিষ্ঠান উত্তরপত্র ও লিখোর ১ম অংশ যথাসময়ে পাঠাতে ব্যর্থ হবে, কোনো পত্র ছাড়াই সে সকল কেন্দ্র বাতিল করা হবে।

- বোর্ড কর্তৃক প্রাপ্ত হাজিরাশীট ও শিরোনামপত্রের সকল অংশ পূরণ করতে হবে এবং On Line –এ Absent Entry “A” দিতে হবে। তাত্ত্বিক পরীক্ষা শেষে ব্যবহারিক পরীক্ষা নিতে হবে। কোনো পরীক্ষার্থী তাত্ত্বিক পরীক্ষায় “অনুপস্থিত” থাকলে ব্যবহারিক পরীক্ষা নেওয়া যাবে না।
- তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক নম্বর (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে) এবং চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষার নম্বর (সংশ্লিষ্ট কেন্দ্র হতে) Online এর মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে (বিস্তারিত পরীক্ষার কেন্দ্র হতে জানা যাবে)। প্রবিধান, ২০১৬ মোতাবেক নম্বর বিন্যাস (তাত্ত্বিক ধারাবাহিক নম্বর TC -এর পূর্ণ মান ৪০, উত্তীর্ণ মান ২৪, ব্যবহারিক ধারাবাহিক নম্বর PC-এর পূর্ণমান ২০০, উত্তীর্ণ মান ১২০, তাত্ত্বিক চূড়ান্ত TF পরীক্ষার পূর্ণ মান ৬০, উত্তীর্ণ মান ৩৬, ব্যবহারিক চূড়ান্ত PF পরীক্ষার পূর্ণ মান ২০০, উত্তীর্ণ মান ১২০)।
- পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্রের চাহিদাপত্র পূরণ করে, পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ দলিলাদি একজন প্রশিক্ষক বা সমপর্যায়ের ব্যক্তির মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণ/সংগ্রহের ব্যবস্থা করবেন। তবে সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য। পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও গুরুত্বপূর্ণ দলিলাদি একটি রেজিস্ট্রার খাতায় লিপিবদ্ধ করে তার খরচ ও মজুতের পরিমাণ সংরক্ষণ করে রাখতে হবে যা পরবর্তী পরীক্ষার চাহিদার সময় সংযুক্ত করতে হবে। উল্লেখ্য, উত্তরপত্র ও ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করার পর অতিরিক্ত উত্তরপত্র ও অতিরিক্ত ব্যবহারিক উত্তরপত্র পরীক্ষা শেষ হওয়ার পর হাতে হাতে বোর্ডে জমা দিতে হবে।

৫২

৫২

| ক্রমিক নং | কেন্দ্রের পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র বোর্ড হতে গ্রহণের তারিখ ও বার | যে সকল বিভাগ/জেলার কেন্দ্রসমূহ পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র মালামাল বোর্ড হতে গ্রহণ করবে | Online-এর মাধ্যমে TC, PC নম্বর প্রেরণের তারিখ |
|--------------|---|---|---|
| ১. | ১৯-১২-২০২১খ্রি. রবিবার | রংপুর বিভাগ (সকল জেলা) | |
| ২. | ২০-১২-২০২১খ্রি. সোমবার | রাজশাহী বিভাগ জেলাসমূহ (রাজশাহী, বগুড়া, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ) | ০৩-০১-২০২২ খ্রি. থেকে |
| ৩. | ২১-১২-২০২১খ্রি. মঙ্গলবার | রাজশাহী বিভাগ জেলাসমূহ (নাটোর, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ) | ০৭-০১-২০২২ খ্রি. পর্যন্ত। |
| ৪. | ২২-১২-২০২১খ্রি. বুধবার | খুলনা বিভাগ (সকল জেলা) | |
| ৫. | ২৩-১২-২০২১খ্রি. বৃহস্পতিবার | বরিশাল বিভাগ (সকল জেলা) এবং ঢাকা বিভাগ জেলাসমূহ (শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী) | |
| ৬. | ২৬-১২-২০২১খ্রি. রবিবার | চট্টগ্রাম ও সিলেট বিভাগ (সকল জেলা) | |
| ৭. | ২৭-১২-২০২১খ্রি. সোমবার | ময়মনসিংহ বিভাগ (সকল জেলা) এবং ঢাকা বিভাগ জেলাসমূহ (গাজীপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল) | |
| ৮. | ২৮-১২-২০২১খ্রি. মঙ্গলবার | ঢাকা বিভাগ জেলাসমূহ (মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, নারায়নগঞ্জ, ঢাকা) | |

❖ উল্লেখ্য, রেজিস্ট্রেশন কার্ড পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে।

৭. বোর্ড কর্তৃক প্রেরিত প্রদত্ত চূড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। চূড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষার প্রদত্ত পরীক্ষার দিন নির্ধারিত সময়ে অনলাইনে প্রেরণ করা হবে। চূড়ান্ত লিখিত (তাত্ত্বিক) পরীক্ষায় পরীক্ষার্থী অনুপস্থিত থাকলে ব্যবহারিক পরীক্ষা নেওয়া যাবে না। চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর পরই হাজিরা সীট TC, PC ও PF এবং Absent list -এর হার্ড কপি অন্যান্য তথ্যাদি স্পাইরাল বাইন্ডিং করে অবশ্যই হনুদ কাপড়ের প্যাকেটে সীল গালা করে (প্রতিষ্ঠান এবং কেন্দ্র যৌথভাবে) বোর্ডের ঠিকানায় ০৫ (পাঁচ) দিনের মধ্যে রেজিস্ট্রি ডাক/কুরিয়ার সার্ভিস অথবা হাতে হাতে পাঠাতে হবে। ০৫ (পাঁচ) দিনের মধ্যে প্রেরণ না করলে ঐ প্রতিষ্ঠান/কেন্দ্রের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৮. পরীক্ষা শুরুর কমপক্ষে ০৫ (পাঁচ) দিন পূর্বে পরীক্ষায় অংশগ্রহণকারি পরীক্ষার্থীদের নিকট হতে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ২০০/- (কেন্দ্র ১৮০/- + অনাভ্যন্তরীণ পরীক্ষক ২০/-) টাকা হারে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট নগদ (রশিদ প্রাপ্তি সাপেক্ষে) জমা দিতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে কোনো প্রতিষ্ঠান কেন্দ্রে ফি বাবদ ধার্যকৃত অর্থ পরিশোধ করেনি মর্মে অভিযোগ পাওয়া গেলে ঐ সকল প্রতিষ্ঠানের ফলাফল স্থগিত রাখা হবে। উল্লেখ্য, কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ না করলে তাদের তালিকা পত্রের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রক ও কেন্দ্র সচিবকে অবহিত করতে হবে। আরো উল্লেখ্য, কেন্দ্র ফি বাবদ প্রাপ্ত অর্থ হতে ব্যবহারিক পরীক্ষার অভ্যন্তরীণ এবং অনাভ্যন্তরীণ পরীক্ষকের পারিশ্রমিক ব্যয় নির্বাহ করতে হবে।
৯. পরীক্ষা শুরুর ০১ (এক) সপ্তাহ পূর্বে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করবেন। কেন্দ্রাধীন প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান অথবা তার মনোনীত একজন শিক্ষক নিয়ে পরীক্ষা কমিটি গঠন করতে হবে। পরীক্ষা কমিটির সদস্যসহ ব্যবহারিক পরীক্ষকদের পারিশ্রমিক এবং অন্যান্য ব্যয় কেন্দ্র ফি খাতে আদায়কৃত অর্থ থেকে নির্বাহ করতে হবে।
১০. পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যক্ষ/পরিচালক, পলিটেকনিক ইন্সটিটিউট/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার/টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট/সমাজ সেবা/ট্রাস্ট টেকনিকেল ট্রেনিং সেন্টার/ আনসার ডিডিপি ট্রেনিং সেন্টার ও অন্যান্য কেন্দ্র) ব্যবহারিক পরীক্ষা সৃষ্টভাবে পরিচালনার জন্য নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্ত ও পাঠদানকারি শিক্ষকদের মধ্য হতে অভ্যন্তরীণ এবং সরকারি পলিটেকনিক/টিএসসি/টিটিসি/ইন্ডাস্ট্রি হতে সংশ্লিষ্ট ট্রেডের প্রয়োজনীয় সংখ্যক অনাভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগের প্রস্তাবিত তালিকার হার্ড কপি পরীক্ষা শুরু হওয়ার ০৫ (পাঁচ) দিন পূর্বে বোর্ডে প্রেরণ পূর্বক বোর্ড কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে। পরীক্ষা সংক্রান্ত মালামাল বিতরণ/রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সিডিউল অনুযায়ী পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগের শর্ট কোর্স শাখা (বোর্ড ভবনের পিছনে ৫ম তলা বিল্ডিং-৭-এর ৪র্থ তলা) -এ জমা দিতে হবে। নিম্নে আভ্যন্তরীণ ও অনাভ্যন্তরীণ পরীক্ষকদের প্রস্তাবিত তালিকার নমুনা ছক:

| কেন্দ্রের নাম, কোড, ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা | আভ্যন্তরীণ পরীক্ষকের নাম, পদবি, ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা (যদি থাকে) | অনাভ্যন্তরীণ পরীক্ষকের নাম, পদবি, ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|--|--|
| | | |
| | | |
| | | |
| | | |

১১. অনাভ্যন্তরীণ পরীক্ষক ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করবেন এবং নম্বর প্রদান করবেন। ব্যবহারিক পরীক্ষা বাবদ অনাভ্যন্তরীণ পরীক্ষকের পারিশ্রমিক প্রতি শিক্ষার্থী জন্য ২০/- (বিশ টাকা) হারে পরিশোধ করতে হবে।
১২. কেন্দ্র সচিবগণ প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষার সময়সূচি পরীক্ষা শুরু হওয়ার ন্যূনতম ০৫ (পাঁচ) দিন পূর্বে প্রস্তুত করে দায়িত্বপ্রাপ্ত ডেপুটি অফিসারের ই-মেইল এবং পরীক্ষা নিয়ন্ত্রকের ই-মেইলে পাঠাতে হবে। ল্যাবের ও যন্ত্রপাতির সুযোগ-সুবিধা বিবেচনা করে ব্যবহারিক

পরীক্ষার গ্রুপ ভিত্তিক সময়সূচি নিম্নের নমুনা ছক অনুযায়ী উল্লেখ করতে হবে। নির্দিষ্ট তারিখে ব্যবহারিক পরীক্ষা সমাপ্ত করতে না পারলে পরের দিন ব্যবহারিক পরীক্ষা নেওয়া যাবে।

| কেন্দ্রের নাম, কোড, ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা | গ্রুপ নং ১. ২. ৩. | পরীক্ষার্থীর সংখ্যা ও রেজিঃ নম্বরের ফ্রমিক (XXXXXX হতে ZZZZZZ পর্যন্ত)। | বিষয়ের নাম ও কোড | পরীক্ষার তারিখ ও সময় | ল্যাব/ওয়ার্কশপের নাম | আভ্যন্তরীণ পরীক্ষকের নাম পদবি, ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা (যদি থাকে) | মন্তব্য |
|---|----------------------------|--|-------------------------|-----------------------------|--------------------------|---|---------|
|---|----------------------------|--|-------------------------|-----------------------------|--------------------------|---|---------|

১৩. পরীক্ষা বিষয়ে করণীয়:


- ১৩.১ পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি ও নিরাপদ শারীরিক দূরত্ব বজায় রেখে আসন বিন্যাস নিশ্চিত করতে হবে;
- ১৩.২ পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীকে কেন্দ্রের পরীক্ষা কক্ষে উপস্থিত থাকতে হবে;
- ১৩.৩ বোর্ড কর্তৃক প্রেরিত প্রশ্নপত্রে চূড়ান্ত লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। চূড়ান্ত লিখিত পরীক্ষার দিন কেন্দ্রে প্রশ্নপত্র পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে অনলাইন (Online) -এ প্রেরণ করা হবে;
- ১৩.৪ অনলাইন (Online) -এর মাধ্যমে সংশ্লিষ্ট কেন্দ্র প্রশ্ন প্রাপ্তির তথ্যের হেল্প মোবাইল নং ০১৭১৯৯৬০২৫৬, ০১৭১৮৩২৫০৯৭।

১৪. উত্তরপত্রের লিখো (Litho) পরীক্ষার্থীর অংশের (Top part) তথ্যাবলী:

- ১৪.১ পরীক্ষার পর্ব/বর্ষ লিখার প্রয়োজন নাই;
- ১৪.২ কারিকুলাম কোড: ৩০ (ত্রিশ) সকল বেসিক ট্রেডের জন্য দিতে হবে;
- ১৪.৩ ট্রেড/স্পেশলাইজেশন/টেকনোলজি: পরীক্ষার্থীর ভর্তির স্ব স্ব ট্রেড কোড বসবে;
- ১৪.৪ পরীক্ষার্থীর রোল লিখার প্রয়োজন নেই (রোলের ঘর ফাঁকা থাকবে);
- ১৪.৫ রেজিস্ট্রেশন নম্বর: ১০ ঘর (অংক) বিশিষ্ট রেজিস্ট্রেশন নম্বর থাকবে;
- ১৪.৬ সেশন কোড: সেশনের ঘরে, সেশন অনুযায়ী সেশন কোড ০০৩১/ ০০৩২/ ০০৩৩/ ০০৩৪/ ০০২১/ ০০২২ বসবে। নিম্নের ছকে বর্ণিত:

| সেশন | সেশন কোড | সেশন | সেশন কোড | সেশন | সেশন কোড |
|------------------|----------|---------------|----------|------------------|----------|
| জানুয়ারি-মার্চ | ০০৩১ | এপ্রিল-জুন | ০০৩২ | জুলাই-সেপ্টেম্বর | ০০৩৩ |
| অক্টোবর-ডিসেম্বর | ০০৩৪ | জানুয়ারি-জুন | ০০২১ | জুলাই-ডিসেম্বর | ০০২২ |

- ১৪.৭ বিষয় কোড: পরীক্ষার্থীর ভর্তির স্ব স্ব ট্রেড কোড হবে;
- ১৪.৮ রেজিস্ট্রেশন নম্বর ডান হতে (একক স্থানীয় অংক) পূরণ শুরু করতে হবে। বাকী বাম দিকের ঘরগুলো (যদি থাকে) ০ (শূন্য) দিয়ে বৃত্ত ভরাট করতে হবে;
- ১৪.৯ অনুরূপভাবে বিষয় কোড ডান হতে (একক স্থানীয় অংক) পূরণ শুরু করতে হবে। বাকী বাম দিকের ঘরগুলো (যদি থাকে) ০ (শূন্য) দিয়ে বৃত্ত ভরাট করতে হবে;
- ১৪.১০ এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের মাধ্যমে পরীক্ষা শুরুর পূর্বেই শ্রেণি শিক্ষক দ্বারা প্রশিক্ষণের ব্যবস্থা নিবেন;
- ১৪.১১ পুরাতন লিখোয়ুক্ত উত্তরপত্র ব্যবহার করা যাবে না। উহা বোর্ডে ফেরৎ দিতে হবে;
- ১৪.১২ একটি নমুনা কপি সংযুক্ত করা হলো।


(প্রকৌশলী মো. আবদুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭।
ফোন: ০২-৫৫০০৬৫২৫, ০১৭১৪০৭৫৮৩৮।


স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩৩.০০১.২১.০৬৪(১৯০৬)

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।

তারিখ: ০৫-১২-২০২১ খ্রি.

৫. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, বাংলাদেশ ডাক বিভাগ, ঢাকা। (আপনার অধিনস্থ যে সকল জেলা/উপজেলায় ০৩ মাস ও ০৬ মাস মেয়াদি জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত হবে সে সকল কেন্দ্রের উত্তরপত্রের পার্শ্বল গ্রহণের জন্য ০৭ জানুয়ারি ২০২২ খ্রিঃ তারিখ শুক্রবার বেলা ১১:৩০ ঘটিকা হতে ০৩:০০ ঘটিকা পর্যন্ত স্থানীয় ডাকঘর খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬. পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৭. পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৮. জেলা প্রশাসক, সকল জেলা।
৯. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা/ রাজশাহী/ চট্টগ্রাম/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ঢাকা/ ময়মনসিংহ।
১৪. উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।
১৫. উপ পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান অনুযায়ী উক্ত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, প্রেরণ এবং এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।
১৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৭. উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮. পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ /টেকনিক্যাল ট্রেনিং সেন্টার /টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট/ সমাজ সেবা/ট্রাস্ট টেকনিকেল ট্রেনিং সেন্টার/ আনসার ভিডিপি ট্রেনিং সেন্টার/ অন্যান্য প্রতিষ্ঠান -----)।
১৯. কারিকুলাম বিশেষজ্ঞ (শর্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২০. প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২১. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২২. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৩. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (বিতরণ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (উল্লিখিত সিডিউল মোতাবেক পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় মালামাল সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২৪- ১৯০৪. অধ্যক্ষ/পরিচালক, জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রম পরিচালিত সকল প্রতিষ্ঠান। TC (তাত্ত্বিক ধারাবাহিক) ও PC (ব্যাবহারিক ধারাবাহিক) এর নম্বর Online-এর মাধ্যমে পূরণকৃত নম্বরের হার্ড কপি সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিব এর নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।
১৯০৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৯০৬. নথি।


০৫.০২.২০২০

(মো. নওশাদ আলী)
ডকুমেন্টেশন অফিসার
শর্ট কোর্স শাখা, পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।
মোবাইল: ০১৫৩১৯৭২০২২।